


দ্রষ্টব্য : ভাল পাশে উল্লেখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ১, ২, ৩, ৫, ৬ এবং ১৩ নং প্রশ্নসহ মোট ১০ টি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১। সঠিক উত্তরটি উল্লেখ করুন :  $1 \times 15 = 15$
- (i) ২৪৬৫০ কে ১০ দিয়ে ভাগ করলে ভাগফল কত?  
(ক) ২৪৫৫ (খ) ২৪৬৫ (গ) ২৪৪৫ (ঘ) ২৪৬২
- (ii) ৩০০১৫ কে ১০০ দিয়ে ভাগ করলে ভাগশেষ কত হবে?  
(ক) ১ (খ) ৫ (গ) ১৫ (ঘ) ৩০০
- (iii) কন্যার বয়স ১৮ বছর। মাতার বয়স কন্যার বয়সের ৩ গুন হলে, মাতার বয়স কত?  
(ক) ৪৫ বছর (খ) ৫০ বছর (গ) ৫৪ বছর (ঘ) ৬০ বছর
- (iv) রাশিগুলোর সমষ্টিকে রাশিগুলোর সংখ্যা দ্বারা কী করলে গড় পাওয়া যাবে?  
(ক) যোগ (খ) গুন (গ) বিয়োগ (ঘ) ভাগ
- (v) সুমন ও কামালের গড় বয়স ২০ বছর। কামালের বয়স ২৫ বছর হলে, সুমনের বয়স কত?  
(ক) ১৫ বছর (খ) ১৬ বছর (গ) ২০ বছর (ঘ) ২৫ বছর
- (vi) তিনটি সংখ্যার সাধারণ মৌলিক গুণনীয়ক ২ ও ৩ হলে, এদের গ.সা.গু. কত?  
(ক) ২ (খ) ৩ (গ) ৫ (ঘ) ৬
- (vii)  $56 + 3.2 =$  কত?  
(ক) ১৬.৫ (খ) ১৭.৫ (গ) ১৮.৫ (ঘ) ১৯.৫
- (viii) নিচের কোনটি কম্পিউটারের মূল অংশ?  
(ক) কি-বোর্ড (খ) মাউস (গ) স্ক্রিন (ঘ) মেমোরি
- (ix) ১৯০১ সাল থেকে ২০০০ সাল পর্যন্ত কোন শতাব্দী?  
(ক) ত্রয়োদশ (খ) একবিংশ (গ) বিংশ (ঘ) উনবিংশ
- (x)  $5$  সে.মি.



উপরের চিত্রটি কোন ধরনের চতুর্ভুজ?

- (ক) আয়ত (খ) সামান্তরিক (গ) বর্গ (ঘ) রম্বস
- (xi) বাংলা মতে দিন শুরু হয় কখন?  
(ক) সূর্যোদয় থেকে (খ) রাত ১২ টায় (গ) দুপুর ১২ টায় (ঘ) সূর্যাস্ত থেকে
- (xii) ১০০ টাকার ৪০% = কত টাকা?  
(ক) ৬০ টাকা (খ) ১৫ টাকা (গ) ১৪ টাকা (ঘ) ১২ টাকা
- (xiii) তরল পদার্থের আয়তন পরিমাপের আন্তর্জাতিক একক কী?  
(ক) লিটার (খ) সে.মি. (গ) মিটার (ঘ) ওজন
- (xiv) কোন সংখ্যা যে কোনো সংখ্যারই গুণনীয়ক?  
(ক) ১ (খ) ২ (গ) ৩ (ঘ) ৫
- (xv) ১ লিটার = কত ঘন সেন্টিমিটার?  
(ক) ১০০০ (খ) ১০(গ) ১০০ (ঘ) ১

২। সংক্ষেপে উত্তর দাও :  $1 \times 5 = 5$

(ক) ঐকিক নিয়ম কাকে বলে?

(খ) সকাল ১০টা ২৫ মিনিট, আন্তর্জাতিক কত সময়?

(গ)  $\frac{5}{8}$  ভগ্নাংশটির বিপরীত ভগ্নাংশ লেখ।

(ঘ) লাভ-ক্ষতি হিসাবের উপর হিসাব করা হয়?

(ঙ) ১২০১ সাল থেকে ১৩০০ সাল পর্যন্ত কোন শতাব্দী?

৩। চারটি সংখ্যার যোগফল ৪৬৮৫২০। এর মধ্যে দুইটি সংখ্যা ৭০৫৮৪ ও ৬৪২০৯।

(ক) দুইটি সংখ্যার যোগফল কত? ২

(খ) তৃতীয় সংখ্যাটি প্রথম সংখ্যা অপেক্ষা ৯৪৮৫ কম হলে, সংখ্যাটি কত? ২

(গ) দুইটি সংখ্যার যোগফল ও চারটি সংখ্যার যোগফলের পার্থক্য কত? ৩

(ঘ) চতুর্থ সংখ্যা ও তৃতীয় সংখ্যাটির পার্থক্য নির্ণয় কর। ৩

৪। ৬টি চেয়ার ও ৪টি টেবিলের মূল্য একত্রে ৯৫৭০ টাকা। একটি চেয়ারের মূল্য ৬৭৫ টাকা হলে, একটি টেবিলের মূল্য কত? ১০

৫। তিন সন্তান ও তাদের পিতার গড় বয়স ১৭ বছর। ঐ তিন সন্তান ও তাদের মাতার গড় বয়স ১৬ বছর।

(ক) তিন সন্তান ও মাতার মোট বয়স কত? ২

- (খ) তিন সন্তানের গড় বয়সের মাসিক খরচ ১৫০০ টাকা হলে তাদের মাসিক গড়ে কত খরচ পড়বে? ২
- (গ) মাতার বয়স ৩৪ বছর হলে, তিন সন্তানের বয়স নির্ণয় কর। ৩
- (ঘ) পিতার বয়স বের কর। ৩
- ৬। পাঁচ অঙ্কের একটি বৃহত্তম সংখ্যার সাথে ৭৬৭১ যোগ করলে যোগফল ২৫, ৩৫, ৪৫ এবং ৬০ দ্বারা বিভাজ্য হয়।
- (ক) পাঁচ অঙ্কের বৃহত্তম ও ছয় ক্ষুদ্রতম সংখ্যার মধ্যে ব্যবধান কত? ২
- (খ) শর্তানুসারে যোগফল কত হবে? ২
- (গ) পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যার সাথে ৭৬৭১ যোগ কর এবং ২৫, ৩৫, ৪৫ ও ৬০ এর ল.সা.গু. বের কর। ৩
- (ঘ) পাঁচ অঙ্কের উক্ত বৃহত্তম সংখ্যাটি নির্ণয় কর। ৩
- ৭। রনি ও পান্না বার্ষিক পরীক্ষায় যথাক্রমে মোট নম্বরের  $\frac{3}{8}$  অংশ ও  $\frac{2}{6}$  অংশ পেল। পান্নার চেয়ে রনি ৫০ নম্বর বেশি পেল। মোট নম্বর কত ছিল ও কে কত নম্বর পেল? ১০
- ৮। একজন শিক্ষক ৬০.৬০ টাকা ডজন দরে ৩৯৩.৯০ টাকার কমলা কিনে ১৩ জন শিক্ষার্থীর মধ্যে সমানভাবে ভাগ করে দেন। তাহলে প্রত্যেক শিক্ষার্থী কয়টি করে কমলা পেল? ১০
- ৯। চন্দনপুর গ্রামে লোকসংখ্যা শতকরা ৪ জন বৃদ্ধি পেয়ে ১০৪০ জন হলো। পূর্বে ঐ গ্রামের লোকসংখ্যা কতজন ছিল? ১০
- ১০। একটি ড্রামে ৫৩ কেজি ৯ হে. গ্রাম, ৮ ডে. গ্রা. ৭ গ্রাম আটা রাখা যায়। এরপ ৯টি ড্রামে কী পরিমাণ আটা রাখা যায়? ১০
- ১১। ৫ দিন ৮ ঘণ্টা ১৫ মিনিটকে সেকেন্ডে পরিণত কর। ১০
- ১২। ২৫ জন শিক্ষার্থীর বাংলা বিষয়ে প্রাপ্ত নম্বর দেওয়া হলো:  
৭৫, ৬৮, ৭৪, ৬৬, ৮০, ৬৫, ৭৫, ৬৭, ৮৬, ৭৫, ৬৮, ৮২, ৮৮, ৮৪, ৭২, ৬৬, ৮৫, ৭৩, ৭৬, ৭৮, ৬৭, ৭৯, ৮৬, ৮২, ৮৪। এ শ্রেণি ব্যবধান নিয়ে উপাত্তগুলো বিনাস্ত কর। ১০
- ১৩। (ক) একটি আয়ত আঁক। আয়তটির একটি কর্ণ আঁক। এতে যে দুইটি ত্রিভুজ আঁকা হলো তাদের কোণগুলোর প্রত্যেকটির পরিমাণ মেপে উল্লেখ কর। ৪
- (খ) চিত্রসহ সংজ্ঞা লেখ (যে কোনো দুটি)  $3 \times 2 = 6$   
আয়ত, বর্গ, সামান্তরিক।

### উত্তরমালা

- ১। (i) (খ); (ii) (গ); (iii) (গ); (iv) (ঘ); (v) (ক); (vi) (ঘ); (vii) (ঘ); (viii) (ঘ); (ix) (গ); (x) (গ) (xi) (ক); (xii) (ক); (xiii) (ক); (xiv) (ক); (xv) (ক)।
- ২। (ক) একাধিক জিনিসের বিশেষ বিষয়ের মান থেকে প্রথমে একটি জিনিসের উক্ত বিষয়ের মান বের করে, একই পদ্ধতিতে যদি কোনো নির্দিষ্ট সংখ্যক জিনিসের উক্ত বিষয়ের মান নির্ণয় করা হয় তবে তাকে ঐকিক নিয়ম বলে। (খ) ১০ টা ২৫ মিনিট (গ)  $\frac{5}{8}$ ; (ঘ) ক্রয়মূল্যের উপর; (ঙ) ত্রয়োদশ শতাব্দী;
- ৩। অনুশীলনী-৩(ক) এর কাঠামোবন্ধ প্রশ্ন-১৯নং দ্রষ্টব্য।
- ৪। অনুশীলনী-৩(খ) এর উদাহরণ-৫নং দ্রষ্টব্য।
- ৫। অনুশীলনী-৪ এর কাঠামোবন্ধ প্রশ্ন-১২নং দ্রষ্টব্য।
- ৬। অনুশীলনী-৫ এর কাঠামোবন্ধ প্রশ্ন-৪নং দ্রষ্টব্য।
- ৭। অনুশীলনী-৭(ঘ) এর ১৮নং দ্রষ্টব্য।
- ৮। অনুশীলনী-৮(খ) এর ১১নং দ্রষ্টব্য।
- ৯। অনুশীলনী-৯ এর ৮নং দ্রষ্টব্য।
- ১০। অনুশীলনী-১০(ক) এর ১৫নং দ্রষ্টব্য।
- ১১। অনুশীলনী-১১ এর ৩নং দ্রষ্টব্য।
- ১২। অনুশীলনী-১২(ক) এর উদাহরণ-৩নং দ্রষ্টব্য।
- ১৩। (ক) অনুশীলনী-১৩ এর অতিরিক্ত-৩নং দ্রষ্টব্য। (খ) অনুশীলনী-১৩ এর অতিরিক্ত সংজ্ঞা অংশ দ্রষ্টব্য।